ছাত্র পরামর্শ ও নির্দেশনা বিভাগ
হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, দিনাজপুর

স্মারক নং-হাবিপ্রবি/ছাপনিবি/১০২৮ তারিখঃ ০৬/০৯/২০২৬

# নোটিশ

এতদ্দ্বারা এ বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট সকল শিক্ষার্থী ও শিক্ষকদের অবগতি ও অংশগ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় প্ল্যাটফর্মে উপস্থাপন এবং সরকারী-বেসরকারী খাত, বিশ্ববিদ্যালয়, গবেষণা প্রতিষ্ঠান, উদ্ভাবক, উদ্যোক্তা ও বিনিয়োগকারীদের মধ্যে কার্যকর সংযোগ স্থাপনের লক্ষ্যে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের উদ্যোগে বাংলাদেশ ইনোভেশন ফেয়ার - ২০২৬ আগামী ১২-১৪ সেপ্টেম্বর ২০২৬ তারিখে ঢাকার নভো থিয়েটারে অনুষ্ঠিত হতে যাচ্ছে। **মাননীয় প্রধানমন্ত্রী জনাব তারেক রহমান ১২ সেপ্টেম্বর ২০২৬ তারিখে মেলার উদ্বোধন করতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।**

**এ প্রেক্ষিতে উক্ত মেলায় অংশগ্রহণের জন্য গবেষণা, উদ্ভাবন, প্রযুক্তি, পেটেন্ট, প্রোটোটাইপ, স্টার্টআপ ও শিক্ষার্থীদের উদ্ভাবনী উদ্যোগ প্রদর্শনে আগ্রহী শিক্ষক ও শিক্ষার্থীদের আগামী ০৯ সেপ্টেম্বর ২০২৬ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর আবেদন আহ্বান করা যাচ্ছে ।**

০৬.০৯.২০২৬
(প্রফেসর ড. এস. এম. এমদাদুল হাসান)
পরিচালক
ছাত্র পরামর্শ ও নির্দেশনা বিভাগ
হাবিপ্রবি, দিনাজপুর

সংযুক্তি : বাংলাদেশ ইনোভেশন ফেয়ার ২০২৬ এ অংশ গ্রহণের জন্য বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের চিঠি ।

অনুলিপিঃ সদয় অবগতি ও বহুল প্রচারের অনুরোধসহ
১. ডিন মহোদয়, সকল অনুষদ, হাবিপ্রবি, দিনাজপুর।
২. রেজিস্ট্রার, হাবিপ্রবি, দিনাজপুর।
৩. সকল বিভাগীয় চেয়ারম্যান, হাবিপ্রবি, দিনাজপুর (প্রচারের অনুরোধসহ)।
৪. হল সুপার, সকল হল, হাবিপ্রবি, দিনাজপুর (প্রচারের অনুরোধসহ)।
৫. প্রক্টর, হাবিপ্রবি, দিনাজপুর।
৬. পরিচালক, জনসংযোগ ও প্রকাশনা শাখা, হাবিপ্রবি, দিনাজপুর।
৭. কো-অর্ডিনেটর, আইটি সেল, হাবিপ্রবি, দিনাজপুর।
৮. পি এস টু ভিসি (ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), হাবিপ্রবি, দিনাজপুর।
৯. পি এস টু প্রো-ভিসি (প্রো-ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), হাবিপ্রবি, দিনাজপুর।
১০. পি এ টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), হাবিপ্রবি, দিনাজপুর।
১১. সকল নোটিশ বোর্ড।
১২. অফিস নথি।

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
চেয়ারম্যানের দফতর
সচিব..........
পরিচালক (অর্থ ও বাজেট)..........
পরিচালক (পরি)..........

সচিব
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০

Secretary
Ministry of Science and Technology
Government of the People's Republic of Bangladesh
Bangladesh Secretariat, Dhaka-1000

নম্বর: ৩৯.০০.০০০০.০০০.২০৭.০২.০০১.২৫-৯৫

তারিখ: ১৫ ভাদ্র ১৪৩৩ / ৩০ আগস্ট ২০২৬

**বিষয়: বাংলাদেশ ইনোভেশন ফেয়ার ২০২৬-এ দেশের সকল সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের অংশগ্রহণ নিশ্চিতকরণে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের অনুরোধ।**

প্রিয় মহোদয়,

বাংলাদেশের উদ্ভাবন, গবেষণা, প্রযুক্তি ও উদ্যোক্তা কার্যক্রমকে একটি সমন্বিত জাতীয় প্ল্যাটফর্মে উপস্থাপন এবং সরকারি-বেসরকারি খাত, বিশ্ববিদ্যালয়, গবেষণা প্রতিষ্ঠান, উদ্ভাবক, উদ্যোক্তা ও বিনিয়োগকারীদের মধ্যে কার্যকর সংযোগ স্থাপনের লক্ষ্যে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের উদ্যোগে **বাংলাদেশ ইনোভেশন ফেয়ার ২০২৬** আগামী **১২-১৪ সেপ্টেম্বর ২০২৬** তারিখে ঢাকার **নভো থিয়েটারে** অনুষ্ঠিত হতে যাচ্ছে। মাননীয় প্রধানমন্ত্রী **জনাব তারেক রহমান** ১২ সেপ্টেম্বর ২০২৬ তারিখে মেলার উদ্বোধন করতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

বাংলাদেশ ইনোভেশন ফেয়ার ২০২৬ দেশের উদ্ভাবন ও প্রযুক্তি-ভিত্তিক কর্মকাণ্ডকে দৃশ্যমান করার পাশাপাশি **Idea → IP → Prototype → Investment → Market → Scale-up** ধারায় উদ্ভাবনকে এগিয়ে নেওয়ার জন্য একটি জাতীয় প্ল্যাটফর্ম হিসেবে কাজ করবে। মেলায় বিশ্ববিদ্যালয়সমূহের গবেষণা ও উদ্ভাবনের ফলাফল, প্রযুক্তি ও প্রোটোটাইপ, স্টার্টআপ ও উদ্যোক্তা উদ্যোগ, শিল্পখাতের প্রযুক্তি এবং বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের উদ্ভাবনী কার্যক্রম প্রদর্শনের সুযোগ থাকবে। একই সঙ্গে নীতিনির্ধারক, শিল্পোদ্যোক্তা, গবেষক, বিনিয়োগকারী, উদ্ভাবক ও আন্তর্জাতিক অংশীজনদের মধ্যে সংলাপ ও যোগাযোগের সুযোগ সৃষ্টি হবে।

এ প্রেক্ষাপটে দেশের **সকল সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়কে সক্রিয়ভাবে বাংলাদেশ ইনোভেশন ফেয়ার ২০২৬ এ অংশগ্রহণের জন্য উৎসাহিত ও সম্পৃক্ত করা অত্যন্ত গুরুত্বপূর্ণ**। বিশ্ববিদ্যালয়সমূহের গবেষণা, উদ্ভাবন, প্রযুক্তি, পেটেন্ট, প্রোটোটাইপ, স্টার্টআপ ও শিক্ষার্থীদের উদ্ভাবনী উদ্যোগ প্রদর্শনের মাধ্যমে একদিকে যেমন দেশের উচ্চশিক্ষা ও গবেষণার সক্ষমতা তুলে ধরা সম্ভব হবে, অন্যদিকে গবেষণা ও উদ্ভাবনকে শিল্প ও বাজারের সঙ্গে সংযুক্ত করার নতুন সুযোগ সৃষ্টি হবে।

এমতাবস্থায়, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের মাধ্যমে দেশের **সকল সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ে বাংলাদেশ ইনোভেশন ফেয়ার ২০২৬-এ অংশগ্রহণ এবং বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা/অনুরোধপত্র প্রেরণ এবং প্রত্যেক বিশ্ববিদ্যালয়কে মেলায় একটি স্টল/প্রদর্শনী স্পেস গ্রহণ নিশ্চিত করে সক্রিয়ভাবে অংশগ্রহণে উৎসাহিত জন্য অনুরোধ করার** জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

উল্লেখ্য, মেলার প্রস্তুতি ও স্টল বরাদ্দের কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করার স্বার্থে বিশ্ববিদ্যালয়সমূহকে **আগামী ৬ সেপ্টেম্বর ২০২৬-এর মধ্যে** তাদের অংশগ্রহণ ও স্টল নিশ্চিত করার জন্য অনুরোধ করা যেতে পারে। অংশগ্রহণ, স্টল বরাদ্দ, প্রদর্শনীর বিষয়বস্তু, নিবন্ধন, লজিস্টিকস এবং অন্যান্য যেকোনো বিষয়ে যোগাযোগ, জিজ্ঞাসা ও প্রয়োজনীয় ব্যাখ্যার জন্য নিম্নোক্ত ফোকাল পয়েন্টে যোগাযোগের অনুরোধ করা হলো:

নাম: ড. সালমা আক্তার খুকী
পদবি: যুগ্মসচিব
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
মোবাইল: ০১৭৩২-৩২৯৭৫৭
ই-মেইল: js1@most.gov.bd

মেলার বিস্তারিত তথ্য ও অংশগ্রহণের নির্দেশনা innovationfairbd.org ওয়েবসাইটে পাওয়া যাবে।

বাংলাদেশের বিশ্ববিদ্যালয়সমূহের গবেষণা ও উদ্ভাবনী সক্ষমতাকে জাতীয় ও আন্তর্জাতিক পরিসরে তুলে ধরতে এবং একটি শক্তিশালী বিশ্ববিদ্যালয়-শিল্প-সরকার-উদ্ভাবন সংযোগ গড়ে তুলতে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সহযোগিতা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ বিষয়ে আপনার সদয় সহযোগিতা ও প্রয়োজনীয় উদ্যোগ প্রত্যাশা করছি।

শুভেচ্ছান্তে,

৩০/০৮/২৫

মোঃ আনোয়ার হোসেন
সচিব
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

চেয়ারম্যান
বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)
ঢাকা।